গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর, ঢাকা
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.৮০১.১৮.০০৩.১৭.২০১৭.৬৭৯

তারিখ: ২২ ভাদ্র ১৪২৯
০৬ সেপ্টেম্বর ২০২২

বিষয়: জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন (এনএসএ) ২০২২ প্রস্তুতি বিষয়ে প্রশাসনিক নির্দেশাবলি এবং একাডেমিক পরামর্শ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী নভেম্বর, ২০২২ মাসে জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন (এনএসএ) অনুষ্ঠিত হবে। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে জাতীয় শিক্ষার্থী মূল্যায়নের (এনএসএ) উপর প্রণীত প্রতিবেদন অতীব গুরুত্বপূর্ণ। পঞ্চবার্ষিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন বিষয়ক প্রতিবেদন তৈরিতে এনএসএ মূল্যায়ন প্রতিবেদন গুরুত্ব বহন করে। জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন মূলত: সারাদেশের প্রাথমিক বিদ্যালয়ে **(সরকারি প্রাথমিক বিদ্যালয়, কিন্ডার গার্টেন, উচ্চ বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়, এবতেদায়ী মাদ্রাসা, ব্র্যাক সেন্টার এবং শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত বিদ্যালয়)** নমুনাভিত্তিক জাতীয় শিক্ষাক্রমে বর্ণিত ৩য় ও ৫ম শ্রেণির শিক্ষার্থীদের বাংলা ও গণিত বিষয়ে অর্জিত যোগ্যতা পরিমাপের লক্ষ্যে পরিচালিত হবে। এ মূল্যায়ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়নে শিক্ষক ও অভিভাবকদের সচেতন এবং বিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের যোগ্যতাভিত্তিক প্রশ্ন অনুশীলনের মাধ্যমে প্রস্তুত করে তুলতে হবে।

মাঠ পর্যায়ে বিদ্যালয়গুলোকে প্রস্তুত করার জন্য ডিপিইও, উপজেলা/থানা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর ও সহকারী ইন্সট্রাক্টর, প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষকদের জন্য পালনীয় নির্দেশাবলি নিম্নরূপ:

ক) প্রশাসনিক নির্দেশনা:

১. উপজেলা/থানা শিক্ষা অফিসার (ইউইও/টিইও), ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর এবং সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (এইউইও/এটিইও)দের সমন্বয়ে ইউআরসি/টিআরসিতে একাডেমিক সভা আয়োজন করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

২. বিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের যোগ্যতাভিত্তিক প্রশ্ন অনুশীলনের মাধ্যমে প্রস্তুত করে তুলতে বিষয়ভিত্তিক শিক্ষকদের ওরিয়েন্টেশন প্রদান করতে হবে। শিক্ষকদের ওরিয়েন্টেশন প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার ৩য় ও ৫ম শ্রেণির বাংলা ও গণিত বিষয়ের শিক্ষকদের মনোনয়ন প্রদান করবেন।

৩. মনোনীত তালিকা অনুযায়ী উপজেলা/থানা রিসোর্স সেন্টার (ইউআরসি/টিআরসি) যোগ্যতাভিত্তিক প্রশ্ন অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীদের গড়ে তুলতে শিক্ষকদের অনলাইন অথবা সরাসরি ওরিয়েন্টেশন প্রদান করবেন। ক্লাস্টার এইউইও/এটিইওদের ওরিয়েন্টেশন কার্যক্রমে সংযুক্ত করবেন। উল্লেখ্য, উপরোল্লিখিত বেসরকারি বিদ্যালয়ের শিক্ষকদেরকেও এ কার্যক্রমের অন্তর্ভূক্ত করতে হবে।

৪. উপজেলা পর্যায়ে জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন (এনএসএ) সফলভাবে বাস্তবায়নে প্রশাসনিক সার্বিক কার্যক্রম উপজেলা/থানা শিক্ষা অফিসার (ইউইও/টিইও) প্রতিপালন করবেন এবং বিদ্যালয়ের একাডেমিক বিষয়গুলো উপজেলা রিসোর্স সেন্টারের ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর এবং ক্লাস্টার এইউইও/এটিইও-র সাথে সমন্বয় করে সম্পন্ন করবেন।

৫. দৈবচয়নভিত্তিতে বিদ্যালয়সমূহ নির্বাচন করে এ মূল্যায়ন অনুষ্ঠিত হবে। কোন বিদ্যালয় এ মূল্যায়নের আওতায় আসবে পূর্বেই নির্ধারণ করা সম্ভব নয়। এজন্য উপরোল্লিখিত ০৭ (সাত) ধরণের সকল বিদ্যালয়কেই এ বিষয়ে প্রস্তুতি গ্রহণ করতে হবে।

৬. পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ থেকে সরবরাহকৃত ৩য় ও ৫ম শ্রেণির বাংলা ও গণিত বিষয়ের নমুনাসহ তথ্যপত্র সকল বিদ্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। এ মূল্যায়নে অভীক্ষা/প্রশ্নের সংখ্যা ৩য় শ্রেণিতে ৩৫টি (এমসিকিউ ৩০টি সিআরকিউ ৫টি) এবং ৫ম শ্রেণিতে ৪০টি (এমসিকিউ ৩৫টি সিআরকিউ ৫টি)। এ মূল্যায়নে প্রতি বিষয়ের নির্ধারিত সময় ১:০০ ঘন্টা।

৭. বিভাগীয় উপপরিচালক এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সার্বিক বিষয় তদারকি এবং মনিটরিং করবেন।

খ) একাডেমিক পরামর্শ:

১. শিক্ষাক্রম অনুসরণপূর্বক নমুনা প্রশ্নের আলোকে পাঠ্যপুস্তক বহির্ভূত যোগ্যতাভিত্তিক প্রশ্ন প্রস্তুত করে শিক্ষার্থীদের অনুশীলন করতে দিবেন।

২. অভীক্ষা/প্রশ্ন তৈরি করার সময় জ্ঞান, অনুধাবন ও প্রয়োগ স্তর অনুসরণ করে প্রশ্ন তৈরি ও মূল্যায়ন করবেন।

৩. অনুশীলনে শিক্ষার্থীদের ভুল-ভ্রান্তি চিহ্নিত করে ফলাবর্তনের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪. বিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রান্তিক যোগ্যতা উপযোগী করে গড়ে তোলার চেষ্টা করা বিষয়ভিত্তিক শিক্ষকের মূল দায়িত্ব।

৫. শিক্ষার্থীর পূর্ণ নাম, শ্রেণির নাম, শাখার নাম, বিদ্যালয়ের নাম সুন্দরভাবে লেখার অনুশীলন করতে দিবেন।

প: পৃ: দ্রষ্টব্য/-

৬. শিক্ষার্থীদের মুখস্থ করার বিষয়টি পরিহার করে পাঠ্যপুস্তক বহির্ভূত নতুন অনুচ্ছেদ/প্রশ্ন তৈরি করে শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে অনুশীলন করতে দিবেন। বাংলা বিষয়ে ৩য় শ্রেণির জন্য ৮০-১২০ এবং ৫ম শ্রেণির জন্য ১০০-১৮০ শব্দের অনুচ্ছেদ তৈরি করবেন। গণিত বিষয়ে পাঠ্যপুস্তক বহির্ভূত সমস্যা/অংক তৈরি করবেন।

৭. শিক্ষার্থীর পঠন দক্ষতা ও বোধগম্যতা বৃদ্ধি করার জন্য পাঠ্যপুস্তক ব্যতীত অন্যান্য সহায়ক বই পড়তে দিন এবং শিক্ষক নিজেই শিক্ষার্থীদের সহায়তা করবেন।

**গ) প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম পরিবীক্ষণ বিষয়ক নির্দেশনা:**

১. অক্টোবর ২০২২ মাসের দ্বিতীয়ার্ধে উপরোল্লিখিত প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক পরিবীক্ষণ করা হবে।

২. পরিবীক্ষণকালে জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন (এনএসএ) ২০২২ এর প্রস্তুতি এবং প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম বাস্তবায়নে কোন কর্মকর্তা/শিক্ষকের বিরুদ্ধে দায়িত্বে অবহেলা এবং অদক্ষতা পরিলক্ষিত হলে বিধি মোতাবেক কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১/৯/২২

মোঃ মুহিবুর রহমান
মহাপরিচালক

বিভাগীয় উপপরিচালক,
প্রাথমিক শিক্ষা , ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

অনুলিপি :

১. পরিচালক, প্রশাসন/অর্থ/আইএমডি/পরিঃ ও মূল্যা:/প্রশিক্ষণ/পরি: ও উন্ন:/পলিসি এন্ড অপা:/প্রকিউরমেন্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে) বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা................................।
৪. পিটিআই সুপারিনটেনডেন্ট, পিটিআই............., জেলা............।
৫. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), উপজেলা........................জেলা...........।
৬. ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর (সকল), উপজেলা/থানা রিসোর্স সেন্টার....................জেলা...........।
৭. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অনুলিপি সংরক্ষণের জন্য)।
৮. অতিরিক্ত মহাপরিচালক (রাজস্ব/পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. অফিস কপি।